রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম সেমিফাইনালে রামনগর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম সেমিফাইনাল খেলায় রামনগর একাদশ জয়লাভ করেছে।

বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত খেলায় রামনগর একাদশ ৪-২ গোলে চাঁদপুর একাদশকে পরাজিত করে। রামনগর একাদশের ১০ নং জার্সি পরিহিত সাব্বির দুইটি ১২ নং জার্সি পরিহিত শাকিল ২টি গোল করেন। রামনগর একাদশের ১০ নং জার্সি পরিহিত সাব্বির ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

পরাজিত চাঁদপুর একাদশের ১০ নং জার্সি পরিহিত বিদেশী খেলোয়াড় জুলু ১টি এবং ১১ নং জার্সি পরিহিত খেলোয়াড় নাঈম ১টি গোল পরিশোধ করেন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উদ্বোধন করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ-সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ম-সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেনসহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন সোহেল সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির।

হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রদর্শন করায় গাংনীতে মানববন্ধন

ফ্রান্সে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মুহাম্মদ (সাঃ)কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রদর্শনকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা ও এদেশ থেকে তাদের সমস্ত ব্যবসায়ীক সম্পর্ক না রাখার দাবীতে মানববন্ধন ও প্রতিবাদ র্যালী করেছে গাংনীর বিভিন্ন মাদরাসার শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার বেলা ১১ টার সময় দারুসুন্নাহ মোখতারিয়া মাদ্রাসার উদ্যোগে একটি প্রতিবাদ র্যালী গাংনী শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে প্রতিবাদ সভা ও মানববন্ধন করে।

মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন, বাংলাদেশ ইসলামী আন্দোলনের কেন্দ্রীয় মহাসচিব মওলানা আব্দুল কাদের, হাফেজ রুহুল আমিন আশরাফি, নাজমুল হক ফারুকী ও মাওলানা ওয়াছের আলী প্রমুখ।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ৫ গ্রাম হেরোইনসহ একাধিক মাদক মামলার আসামি মৃত দবিরউদ্দীন এর ছেলে সেকেন্দার আলী (৪০) কে আটক করেছে মেহেরপুর জেলা ডিবি পুলিশ।

বৃহস্পতিবার বিকেলে এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়।

এ সময় তিনি বলেন, মেহেরপুর গাংনী উপজেলার নওয়াপাড়ার পূর্বপাড়ায় শামীমের চায়ের দোকানের সামনে হিরোইন নিয়ে অবস্থান করছে সেকেন্দার। এমন সংবাদের ভিত্তিতে এএসআই আহসান হাবীব ও এ এস আই ইব্রাহিম আলীকে সঙ্গে করে নিয়ে এই অভিযান পরিচালনা করে সেকেন্দার

আলী কে ৫ গ্রাম হেরোইনসহ আটক করা হয়।

এ সময় তিনি আরো জানান, আটককৃত সেকেন্দারের বিরুদ্ধে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন। এবং গাংনি থানায় ০৫ টি মাদক মামলা বিচারাধীন আছে।
মেপ্র / এমএফআর

মহানবী হযরত মুহাম্মদ (সা:) এর ব্যঙ্গচিত্রের প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ মিছিল

ফ্রান্সের রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহানবী হযরত মুহাম্মদ (সা:) এর ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করা হয়।

বৃস্পতিবার বিকালে ইসলামী আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি খাদিমুল ইসলাম এর সভাপতিত্বে এই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এসময় বিক্ষোভ মিছিলটি মেহেরপুর কোট মোড় থেকে শুরু করে মেহেরপুর পৌর সভার সামনে শেষ হয়।

এ সময় একটি সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা ফ্রান্স সরকারের কর্মকাণ্ডের সমালোচনা করে ফ্রান্সের সব ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, ইসলামী যুব আন্দোলন মেহেরপুর জেলা সভাপতি মওলানা আরিফুল ইসলাম, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের সভাপতি মওলানা আশরাফুল ইসলাম, সাধারণ সম্পাদক মুফতি আবু বক্কর সিদ্দিকী, সহ-সভাপতি মাওলানা শফিকুল ইসলাম, ইমাম সমিতির সাধারণ সম্পাদক মুফতি সাদিকুর রহমান, ওলামা পরিষদের জেলা সাধারণ সম্পাদক মাওলানা হাবিবুর রহমান, মাওলানা আবুল কালাম কাসেমী, মাসুম বিল্লাহ, আব্দুল কাদের প্রমুখ।

ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের নব নির্বাচিতদের শপথ গ্রহণ

ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়ন ত্রি-বার্ষিক নির্বাচন ২০২০ এর নব নির্বাচিতদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার রাত সাড়ে আট টার সময় হালদারপাড়ার ইমারত নির্মাণকারী অফিস কার্যালয়ে শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়।

গত ১৬ ই অক্টোবর অনুষ্ঠিত নির্বাচনে জয় লাভ করেন সভাপতি আব্দুল করিম, সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, সহ-সভাপতি নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আলেক উদ্দিন, কোষাধক্ষ্য খন্দকার হাফিজুর, প্রচার সম্পাদক মিলন আলী, দপ্তর সম্পাদক মোতালেব শেখ, শ্রমিক কল্যাণ সম্পাদক জালাল উদ্দিন, সাংস্কৃতিক ও ক্রীড়া সম্পাদক ইসরাফিল হোসেন, কার্যকারী সদস্য সাবদার আলী, ফিরোজ, মাজেদুল হক এবং মজনু সর্দার।

এ সময় উপস্থিত ছিলেন, প্রধান নির্বাচন কমিশনার ও অ্যাড. ইব্রাহিম শাহিন, সহকারী নির্বাচন কমিশনার রাহিনুজ্জামান পলেন, আমিনুল ইসলাম খোকন, অ্যাড. এ কে এম আসাদুজ্জামান, মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক কাজী ফজলে রাব্বী সহ ইমারত নির্মাণকারী সদস্য বৃন্দ।

অনুষ্ঠানটির সঞ্চালনায় হিলেন, মিজানুর রহমান হিরণ।

যৌতুকের টাকা না পাওয়ায়

স্ত্রী, শ্বশুর, শাশুড়ী ও শ্যালকের নামে চুরির মামলা

দেশে নারী নির্যাতন চলছে, নির্যাতনের অনেক ধরণও পালটিয়েছে। বিশেষ করে করোনা দুর্যোগে স্বামী কর্তৃক স্ত্রী নির্যাতনের হার বৃদ্ধি পেয়েছে অনেকাংশে।

জানাগেছে, মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের কাউসার আলীর ছেলে সুমন রেজা, যার নেশায় হলো বিয়ে করে স্ত্রীর কাছ থেকে যৌতুক আদায় করা। না দিলে তালাক দেওয়া, সুমন বছর পাঁচেক আগে পিরোজপুর গ্রামের ফজলু রহমানের মেয়ে মিলার সাথে বিয়ে করে। তাদের ১টি পুত্র সন্তান আছে, স্ত্রী পক্ষ থেকে যৌতুক না দেওয়ায় মারধোর করে তাড়িয়ে দেয়, এবং একপর্যায়ে তাকে তালাক দেয়।

পুনরায় বছর দেড়েক আগে আবার সে মুজিবনগরের এক কলেজ পড়ুয়া ছাত্রীর সাথে পূর্বের তালাক প্রাপ্ত স্ত্রী সন্তানের কথা গোপন রাখে এবং কৃষি ব্যাংকের ফিল্ড অফিসার পরিচয় দিয়ে ২য় বিয়ে করে। বিয়ের বয়স ৬ মাস পার না হতে যৌতুকের দাবীতে স্বামী সুমন ও শাশুড়ি সোনাভানু স্ত্রী শিরিনাকে বাড়ি থেকে তাড়িয়ে দেয়।

কোন মতে জমি জায়গা বিক্রি করে গরীব বাবা মেয়ের সুখের জন্য দুই বারে দেড় লাখ টাকা সহ মেয়েকে স্বামীর বাড়ী পাঠিয়ে দেয়। কিছুদিন সংসার চলার পর ৬ মাস হতে না হতে আবারো মারধোর, নির্যাতন চলে গৃহবধূ উপর। তাকে বিভিন্ন সমিতি থেকে টাকা তুলে দিতে চাপ সৃষ্টি করে। একপর্যায়ে অত্যাচারে সে স্বামীর বাড়ীতে থেকে মাস দেড়েক আগে বাবার বাড়ী চলে যায়।

স্ত্রী শিরিনাকে স্বামী সুমন রেজা নানাভাবে হুমকি দেয় এবং বলে “তুই যদি টাকা না আনিস তাহলে চুরির মামলা দিয়ে টাকা আদায় করবো”। এতে শিরিনা রাজি না হওয়ায় সুমন রেজা স্ত্রী শিরিনা আক্তার, শ্বশুর মুনছুর আলী, শাশুড়ী রশিদা খাতুন ও শ্যালক আশিক আলি এই ৪ জনের নামে নগদ অর্থ ও গয়নাগাটি চুরির অভিযোগ এনে গত ২১/০৯/২০২০ইং তারিখ মেহেরপুর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিট্রেট আদালতে একটি মামলা দায়ের করে। মামলা নং-সিআর ২৯২/২০।

এদিকে গৃহবধূ শিরিনাকে বিভিন্নভাবে অপহরণ ও হত্যার হুমকিসহ অফিসে

যাওয়ার পথে তাকে প্রায় নাজেহাল ও হয়রানি করার অভিযোগে এর প্রতিকার চেয়ে গৃহবধূ শিরিনা ২৭/১০/২০২০ইং তারিখে মেহেরপুর সদর থানার ইনচার্জ বরাবর স্বামীর বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করে। বিষয়টি তদন্তাধীন রয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

এদিকে স্থানীয় মানবাধিকার সংগঠন গুলোর কাছে গৃহবধূর পরিবারের পক্ষ থেকে লিখিত আবেদন ও আইনগত সহয়তা চাওয়া হয়েছে। মানবাধিকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) -এর লিগাল এইড এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা জানান, আমরা উক্ত গৃহবধূর কাছ থেকে স্বামী কর্তৃক নির্যাতন সহ বিভিন্ন হয়রানির লিখিত অভিযোগ পেয়েছি।

এই বিষয়ে অভিযুক্ত সুমনের গ্রামে অধিকতর তদন্ত করি এবং সুমনের সাথে কথা বলি, তাতে তথ্যানুসন্ধান টিমের কাছে অভিযোগকারীর ঘটনার সত্যতার প্রমাণ মিলেছে, ফলে বিষয়টি স্থানীয় পুলিশ প্রশাসন ও আইনগত সহায়তার জন্য সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

গাংনীতে পানির পাম্পে বিদ্যুতায়িত হয়ে বৃদ্ধের মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া গ্রামের হাটপাড়ায় পানির পাম্পে বিদ্যুতায়িত হয়ে আব্দুল বাকি নামের ষাটোর্ধ্ব বেৃদ্ধর মৃত্যু হয়েছে। নিহত বাকি ওই গ্রামের মৃত আতর আলীর ছেলে। বুধবার বেলা ১২ টার দিকে এঘটনা ঘটে।

পরিবার ও স্থানীয় সূত্র জানায়, আব্দুল বাকির বাড়িতে প্লাস্টারের কাজ চলছিল। পানির জন্য বৈদ্যুতিক মোটর (পানির পাম্প) চালু করতে গেলে পুরো মোটর বিদ্যুতায়িত হয়ে যায়। এসময় বাকি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনা স্থলেই মারা যায়।

গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান, বিদ্যুতায়িত ওই ব্যক্তির নিহতের ঘটনা শুনে পুলিশ পাঠনো হয়েছে।

গাংনীতে স্ট্যাম্প ভেন্ডার নুর ইসলামের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে বিক্ষোভ সমাবেশ

মেহেরপুরর গাংনী সাব-রেজিস্ট্রি অফিসের স্ট্যাম্প ভেন্ডার (স্ট্যাম্প সরবরাহকারি) বাহাগুন্দা গ্রামের নুর ইসলামের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তুলে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে এলাকাকাসী।

বুধবার দুপুরে সাব-রেজিস্ট্রি অফিসের সামনে বিক্ষোভ সমাবেশ করেন তারা।

এসময় বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক। সাবেক পৌর মেয়র আহম্মেদ আলী, পেীর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, জেলা ছাত্রলীগের সহসভাপতি সাইফুজ্জামান শিপু, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ।

বিক্ষোভ মিছিলটি গাংনী বাস স্ট্যান্ড থেকে শুরু করে উপজেলা পরিষদ চত্বরে শেষ হয়। পরে সমাবেশে অংশ গ্রহণ করে বিক্ষোভকারীরা।

বিক্ষোভকালে প্রধান বক্তা এমএ খালেক বলেন, জাল স্ট্যাম্প বিক্রিসহ সিন্ডিকেটের মাধ্যমে সরকারি নির্ধারিত মূল্যের অতিরিক্ত টাকা হাতিয়ে কোটি কোটি টাকার অবৈধ সম্পদের মালিক হয়েছেন স্ট্যাম্প ভেন্ডার গাংনীর বাহাগুন্দা গ্রামের মৃত আবেদ আলীর ছেলে নুর ইসলাম। তার এই অবৈধ অর্থ খরচ করছে বিএনপি জামাতের সাংগঠনিক কাজে।

এছাড়াও তিনি বিভিন্ন পন্থায় মানুষ ঠকিয়ে অর্ধশত বিঘা জমির মালিক হয়েছেন। শুধুমাত্র নুর ইসলামের পক্ষে কোটি টাকা উপার্জন স¤ভব হয়নি তার এই অবৈধ সম্পদের যোগান হিসেবে বড়বড় রাঘব বোয়াল ছদ্দবেশী মুখোশধারীরা নুরইসলামকে সামনে রেখে হাজার হাজার টাকা ডিফেন্স নিচ্ছে তারা আইনের আওতায় আসেনা। তাদেরকে চিহ্নত করা

প্রশাসনের দায়িত্ব রয়েছে। রাঘব বোয়ালরা পিছন থেকে কলকাঠি নাড়েন বলেই নুর ইসলামকে গোয়েন্দা বিভাগ ও প্রশাসনের চোখে পড়েনা। আজ গাংনীর বিভিন্ন শ্রেণী পেশার মানুষ স্বোচ্চার হয়েছেন। আপনাদের আন্দোলনের মাধ্যমে নুর ইসলামের সকল অপকর্ম সাধারণ মানুষ ও প্রশাসনের নজরে আসবে।

বক্তারা আরো বলেন, ২০০১ সালে বিএনপি জামায়াত সরকারের আমলে নুর ইসলাম একটি হাতুড়ি বাহিনী গঠন করে সন্ত্রাসী কায়দায় অর্থ বাণিজ্যসহ তার এলাকায় ত্রাসের রাজত্ব কায়েম করেছিল। সেইসময় নুর ইসলামের সন্ত্রাসী বাহিনী আওয়ামী লীগের অগনিত নেতাকর্মীকে হামলা মামলা দিয়ে নির্যাতন নিপীড়ন করেছেন। তার এলাকার এক প্রবীণ আওয়ামী লীগ নেতা ইসলাম নগরের রুহুল আমীন তৎকালীন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতিকে হাতুড়ি দিয়ে পিটিয়ে অক্ষম করেছে এই নুর ইসলামের হাতুড়ি বাহিনী।

আওয়ামী লীগ নেতা রুহুল আমীন মুমূর্ষু অবস্থায় ঢাকা আর্থপেডিকস হাসপাতালে দীর্ঘদিন চিকিৎসা নিয়েও আজও সুস্থ হতে পারেনি। অথচ আজও বহাল তবিয়তে রাজত্ব করছে ওই নুর ইসলাম। সে মাত্র রেজিস্ট্রি অফিসের মুহুরি হয়ে একটি ভুয়া সার্টিফিকেট জমা দিয়ে স্ট্যাম্প ভেন্ডারের লাইসেন্স করে কুলি থেকে কোটিপতি হয়েছে।

স্থানীয়রা তার সকল অত্যাচার সহ্য করেও চুপ করে ছিলো, কিন্তু ওই নুর ইসলাম তার কৌশল অব্যাহত রেখেছে। তার উপার্জিত অর্থ এখনো মুক্তিযুদ্ধের বিপক্ষের শক্তিকে শক্তিশালী করতে খরচ করে চলেছে। এক কালের ঘুটো কুড়োনি এ কালের জহুরি হয়ে বাংলাদেশের বিভিন্ন এলাকায় ঠিকাদারী ব্যবসা চালিয়ে আসছে। ঠিকাদারী ব্যবসায় কাজে বিভিন্ন অনিয়ম করে সরকারের উন্নয়নকে প্রশ্নবিদ্ধ ও বাঁধাগ্রস্থ করছে নুর ইসলাম।

স্ট্যাম্প ভেন্ডারী ও ঠিকাদারী লাইসেন্স এ জমা প্রদানকারি সার্টিফিকেট যাচাই করার দাবি সহ গোয়েন্দা বিভাগসহ প্রশাসনিক তদন্ত ও দুদকের হস্তক্ষেপ কমনা করেন।

এসময় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিব উপস্থিত ছিলেন।

এ ব্যাপারে স্ট্যাম্প ভেন্ডার নুর ইসলামের সাথে মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করা হয়। এক পর্যায়ে তিনি ফোন রিসিভ করে পরে

কথা হবে বলে মোবাইল ফোন বন্ধ করে রাখেন।

পরকীয়ার জেরে খুন হয় ফারুক-পুলিশ সুপার

মেহেরপুরে সমাজসেবা অধিদপ্তরের মাঠকর্মী ফারুক হোসেনকে হত্যার সাথে জড়িত দুই আসামিকে আটক করেছে পুলিশ।

গত রবিবার গোপন সংবাদের ভিত্তিতে ঢাকার একটি স্থান থেকে ফারুক হোসেন নামের এক আসামিকে আটক করা হয়। গত সোমবার বিকালে তাকে মেহেরপুর ম্যাজিষ্ট্রেট আদালতে হাজির করা হলে সে ১৬৪ ধারায় ম্যাজিষ্ট্রেটের সামনে স্বীকারোক্তীমূলক জবানবন্দী দিয়েছে। পরে তার দেওয়া তথ্যের ভিত্তিতে আসামি ফারুকের সহযোগী মেহেরপুর শহরের তাঁতীপাড়াস্থ কাছেদ আলীর ছেলে তাইদ আলীকে আটক করা হয়।

এ বিষয়ে মেহেরপুর পুলিশ সুপার এসএম মুরাদ আলী সংবাদ সম্মেলন করেন। সংবাদ সম্মেলনে তিনি বলেন, আসামি ফারুক ও নিহত ফারুক দু- জনেই পূর্ব পরিচিত বন্ধু মত। আসামি ফারুক ২০০৭ সাল থেকে মালয়েশিয়ায় প্রবাস জীবন যাপন করছিলেন। সে সময় প্রবাসী ফারুকের বিভিন্ন কাজ করে দিতেন নিহত ফারুক হোসেন।

সে সূত্র ধরে প্রবাসী ফারুকের স্ত্রীর সাথে নিহত ফারুকের প্রেমের সম্পর্ক তৈরি হয়। বিদেশে থেকে ফিরে তাদের সম্পর্কের বিষয়টি বুঝতে পারে আসামি ফারুক। পরে এ সম্পর্ক থেকে সরে যেতে বলে। সম্পর্ক থেকে সরে না যাওয়ায় ক্ষুব্ধ হয়ে ফারুক ও তার সহোযোগী দাইদ আলী মিলে এ হত্যাকাণ্ড ঘটিয়েছে।

হত্যার কাজে ব্যবহৃত চাপাতি ও হাসুয়া পুলিশ হেফাজতে আছে। তিনি আরও বলেন, হত্যা কাণ্ডের সাথে ফারুক ও দাউদ এই দুজন জড়িত। এছাড়াও যদি আসামি ফারুকের স্ত্রীর কোন সম্পৃক্ততা পাই তাহলে তাকে অবশ্যই আইনের আওতায় নিয়ে আসবো।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার রাত সাড়ে ১১ টার দিকে শহরের তাঁতীপাড়ায়

মেহেরপুর শহর সমাজসেবা অধিদপ্তরের মাঠকর্মী ফারুক হোসেন (৩৯) কে কুপিয়ে ফেলে রেখে যায় সন্ত্রাসীরা।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। পরদিন তার স্ত্রী নাজমা খাতুন বাদি হয়ে অজ্ঞাত আসামি করে সদর থানায় একটি মামলা দায়ের করেন। মেহেরপুর সদর থানার পুলিশ পরিদর্শক রাসুল সামদানি আজাদ এই হত্যা মামলার তদন্ত কর্মকর্তা হিসেবে ছিলেন।

মেহেরপুরে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

আধুনিক বর্জ্য ব্যবস্থাপনায় বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে ৪১ তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড এর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের হলরুমে অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ড.মোহাম্মদ মনসুর আলম খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ভার্চুয়ালি উপস্থিত ছিলেন।

এসময় আরো উপস্থিত ছিলেন মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী, অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব আবু সাইদ, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক,

জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম, মেহেরপুর সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর হাসানুজ্জামান মালেক। মেহেরপুর জেলার ১৩ টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন ।